

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০০৪.২০১২-৭৫৯

তারিখঃ ১৫.১২.২০১৩ খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (কোড নং-৫-২৭১১-৫০৭০) শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) প্রশিক্ষণ ও কমিউনিটি সাপোর্ট গ্রুপ প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য ১৩৭৫.০০ লক্ষ (তের কোটি পঁচাত্তর লক্ষ) টাকা অগ্রিম উত্তোলন সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (কোড নং-৫-২৭১১-৫০৭০) শীর্ষক কর্মসূচির অনুকূলে কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) প্রশিক্ষণ ও কমিউনিটি সাপোর্ট গ্রুপ প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে ৪৮৪০ কোডে জাইকার ১৩৭৫.০০ (তের কোটি পঁচাত্তর লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।


০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত কমিউনিটি বেইসড হেলথ কেয়ার (কোড নং-৫-২৭১১-৫০৭০) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) 'র অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫০৭০-৪৮৪০ হতে বহন করা হবে।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে।
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমপর্ন করতে হবে;
- (ঘ) আরপিএ (জিওবি) বাবদ ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পূর্ণতরুণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (চ) ভবিষ্যতে পুনরায় অগ্রিম উত্তোলনের প্রয়োজন হলে অবশ্যই পূর্ববর্তী অগ্রিম সমন্বয়ের সপক্ষে দালিলিক প্রমাণ সংযুক্ত করতে হবে;

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।




(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য